দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL. 1 8 1999
পৃষ্ঠা ৪ কলাম ১

# ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটে

বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটসমূহ, অনিয়ম এবং অব্যবস্থাপনার শিকার। ছাত্রদের ট্রেনিং-এর জন্য কাঁচামালের ক্রয়ের টাকা ভিন্ন খাতে খরচ করা হইতেছে। প্রাইভেট পড়ানো কারিগরি শিক্ষা ব্যবস্থায় নিষিদ্ধ থাকিলেও একশ্রেণীর শিক্ষক তাহা মানিতেছেন না। তাহা ছাড়া শতকরা ৫০% নম্বর শ্রেণী শিক্ষকদের হাতে থাকার কারণে যাহাদের প্রাইভেট পড়ার দরকার নাই, তাহারাও প্রাইভেট পড়িতে বাধ্য হইতেছে। অত্র প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্রদের প্রয়োজন নাই। এই ধরনের বইও সরকারী টাকায় ক্রয় করা হইতেছে। কোন কোন শিক্ষক কর্মক্ষেত্রে উপস্থিত না থাকিয়াও পূর্ণ বেতন তুলিতেছেন। অন্যদিকে সৎ ও যোগ্য শিক্ষকগণ হয়রানির শিকার হইতেছেন। শুনিতে পাই, রংপুর, সিলেট, পাবনা ও বরিশাল ডিআইটি নাকি দুর্নীতি ও স্বজনপ্রীতির আখড়ায় পরিণত হইয়াছে। এমতাবস্থায় অত্র প্রতিষ্ঠানে উল্লিখিত অনিয়মসমূহ দূর করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

আবদুল্লা খালেদ,
হারাগাছা,
তামাকপট্টি, রংপুর।